আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু বলনে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞাসা করা হল যে, ‘কোন্ আমল মানুষকে বেশি জান্নাতে নিয়ে যাবে? তিনি বললেন, “আল্লাহভীতি ও সচ্চরিত্র।” আর তাঁকে (এটাও) জিজ্ঞাসা করা হল যে,‘কোন্ আমল মানুষকে বেশি জাহান্নামে নিয়ে যাবে? তিনি বললেন, “মুখ ও যৌনাঙ্গ (র্অথাৎ, উভয় দ্বারা সংঘটিত পাপ)।”

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু বলনে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞাসা করা হল যে, ‘কোন্ আমল মানুষকে বেশি জান্নাতে নিয়ে যাবে? তিনি বললেন, “আল্লাহভীতি ও সচ্চরিত্র।” আর তাঁকে (এটাও) জিজ্ঞাসা করা হল যে,‘কোন্ আমল মানুষকে
বেশি জাহান্নামে নিয়ে যাবে? তিনি বললেন, “মুখ ও যৌনাঙ্গ (র্অথাৎ, উভয় দ্বারা সংঘটিত পাপ)।”
[হাদীসটির সনদ হাসান।] [এটি ইবন মাজাহ বর্ণনা করেছেন। - এটি তিরমিযী বর্ণনা করেছেন। - এটি আহমাদ
বর্ণনা করেছেন।]

জান্নাতে প্রবেশের অধিক কারণ হলো আল্লাহর তাকওয়া অবলম্বন ও উত্তম চরিত্র। সব ধরনের নিষিদ্ধ বিষয়সমূহ থেকে বিরত থাকা দ্বারা আল্লাহর তাকওয়া অবলম্বন হয়। আর মাখলুকের সাথে ভালো ব্যবহার দ্বারা হয় উত্তম চরিত্র। আর তার নিম্নস্তর হলো, তাদের কষ্ট দেওয়া থেকে বিরত থাকা এবং সবোর্চ্চ হলো যে কষ্ট দেয় তার প্রতি দয়া করা। জাহান্নামে প্রবেশের অন্যতম কারণ হলো, মুখ ও লজ্জাস্থান। কারণ, মানুষ এ দুটির কারণেই অধিকাংশ সময় আল্লাহর বিধানের লঙ্ঘন করে ও মানুষকে কষ্ট দেয়।

http://www.sunnah.global/hadeeth/bn/show/5812